প্রথম আলো

তারিখ 09 DEC 2017
পৃষ্ঠা ... কলাম ...

## ভর্তি পরীক্ষায় জালিয়াতির অভিযোগ

# দুই বিশ্ববিদ্যালয়ে গ্রেপ্তার ১২

**টাঙ্গাইল প্রতিনিধি ও কুষ্টিয়া অফিস ●**

টাঙ্গাইলের মাওলানা ভাসানী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় এবং কুষ্টিয়ার ইসলামী বিশ্ববিদ্যালয়ে সম্মান প্রথম বর্ষের ভর্তি পরীক্ষায় বদলি (প্রক্সি) পরীক্ষা দেওয়ার এবং তথ্যপ্রযুক্তির ব্যবহার করে জালিয়াতির অভিযোগে গতকাল শুক্রবার ১২ জনকে গ্রেপ্তার করা হয়েছে। এর মধ্যে টাঙ্গাইলে গ্রেপ্তার করা হয় ১০ জনকে।

টাঙ্গাইল জেলা গোয়েন্দা পুলিশের ওসি অশোক কুমার সিংহ বলেন, মাওলানা ভাসানী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের ভর্তি পরীক্ষার বিভিন্ন কেন্দ্র থেকে সরঞ্জামসহ ছয় পরীক্ষার্থীকে প্রথমে আটক করা হয়। পরে তাঁদের জিজ্ঞাসাবাদ করে আরও চারজনকে ধরা হয়। সবাইকে পুলিশের কাছে হস্তান্তর করা হয়েছে।

গ্রেপ্তার ১০ জন হলেন নেত্রকোনার আব্দুল্লাহ আল মামুন (২৫), কক্সবাজারের ইসতিয়াক আহম্মেদ (২৭), কুড়িগ্রামের মোস্তাফিজুর রহমান (২২) ও মজনু রহমান (২৬), সিরাজগঞ্জের জুবায়ের আলম (১৯) ও আবু জোবায়ের মামুন (২০), টাঙ্গাইলের আমিনুল ইসলাম (২০) ও নাইবুর রহমান (২০), কুষ্টিয়ার রাফাত বিন রাশেদ (১৯) এবং গাজীপুরের প্রদীপ পাল (২০। শেষ ছয়জন পরীক্ষার্থী।

অশোক কুমার সিংহ বলেন, উদ্ধারকৃত সরঞ্জামগুলোর মধ্যে রয়েছে নয়টি ইলেকট্রনিক ডিভাইস, ওই সব ডিভাইসের ব্যাটারি, সাতটি হেডফোন ও ডিভাইস কেব্‌ল। প্রাথমিক জিজ্ঞাসাবাদে এই চক্রের অন্যতম হোতা আব্দুল্লাহ আল মামুন বলেছেন, তিন থেকে চার লাখ টাকার চুক্তিতে তাঁরা ইলেকট্রনিক ডিভাইস ব্যবহার করে পরীক্ষার্থীদের বাইরে থেকে উত্তর বলে দিতেন।

কুষ্টিয়ায় ইসলামী বিশ্ববিদ্যালয়ের তথ্য, প্রকাশনা ও জনসংযোগ কার্যালয়ের সহকারী পরিচালক রাজিবুল ইসলাম বলেন, এই বিশ্ববিদ্যালয়ে গতকাল ২০১৭-১৮ শিক্ষাবর্ষের 'সি' ইউনিটের বাতিল ও স্থগিত হওয়া দুটি পালার (শিফট) ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হয়। এতে বদলি পরীক্ষা দেওয়ার অভিযোগে ঢাকা বিশ্ববিদ্যালয়ের সমাজবিজ্ঞান বিভাগের চতুর্থ বর্ষের ছাত্র ফেরদৌস এবং যশোর এমএম কলেজের সমাজবিজ্ঞান বিভাগের দ্বিতীয় বর্ষের ছাত্র সাব্বির রহমানকে ভ্রাম্যমাণ আদালত এক বছর করে কারাদণ্ড দেন। কুষ্টিয়া জেলা প্রশাসনের সহকারী কমিশনার ও নির্বাহী হাকিম সাইফুল ইসলাম তাঁদের এই দণ্ড দেন।

গত মঙ্গলবার 'সি' ইউনিটের পরীক্ষায় প্রথম পালার প্রশ্নপত্র দ্বিতীয় পালায় পুনরাবৃত্তি হয়। বিষয়টি নজরে এলে জরুরি সভা করে ভর্তি কমিটি দ্বিতীয় পালার পরীক্ষা বাতিল ও তৃতীয় পালার পরীক্ষা স্থগিত করে। পরে ওই দুটি পালার পরীক্ষা শুক্রবার নেওয়ার সিদ্ধান্ত হয়। গতকাল সকাল ৯টা থেকে ১০টা এবং বেলা ১১টা থেকে দুপুর ১২টা পর্যন্ত দুই পালায় পরীক্ষা হয়।